

# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 23 April, 2025

৪ উইকেটে ১৯৪ রান নিয়ে দিন শুরু করেছিল বাংলাদেশ। লিড ১১২ রানের হাতে ৬ উইকেট। এই লিডটা আড়াইশ পর্যন্ত নিয়ে যেতে পারলেই হয়তো জিতে যাবে বাংলাদেশ, এমনটাই ধারণা ছিল সমর্থকদের।

জিম্বাবুয়ের কাছে ৩ উইকেটে হারের পর আফসোসটা হয়তো আরও বেশি বেড়েছে। শেষদিকে যেভাবে চেপে ধরেছিলেন মিরাজরা, তাতে ২০০-২২০ টার্গেট হলেও কঠিন হয়ে যেতো জিম্বাবুয়ের জন্য।

সেটা হয়নি। বাংলাদেশ যে জিম্বাবুয়েকে চ্যালেঞ্জিং একটা লক্ষ্য দিতে পারেনি তার দায় ব্যাটারদের। ৪ উইকেটে ১৯৪ রান নিয়ে চতুর্থ দিন শুরু করা দলটি কেনইবা ২৫৫ রানেই গুটিয়ে যাবে?

দিনের দ্বিতীয় বলেই মুজারবানির বলে উইকেট দিয়ে আসেন নাজমুল হোসেন শান্ত। পুল করতে গিয়ে এজ হয়ে ডিপ ফাইন লেগে ধরা পড়েন। এরপর ধস নামে বাংলাদেশের ইনিংসে। টাইগার অধিনায়ক ম্যাচ শেষে দুঃখলেন নিজেকেই। দায় কাঁধে নিয়ে বললেন, তিনি একাই দলকে হারিয়েছেন।

সংবাদ সম্মেলনে শান্ত বলেন, ‘ম্যাচটি আমি একাই হারিয়েছি। তাই একাই হারের দায়ভার নিচ্ছি। আমার কাছে মনে হচ্ছে আমি সময় নিতে পারতাম। যদি চিন্তা করেন পুরো ম্যাচটা আমি অধিনায়ক হিসেবে হারিয়ে দিয়েছি। কারণ সত্যি কথা সকালের আউটটাতে পুরো খেলাটা নষ্ট

হয়ে গিয়েছিল।

এমন হার হতাশাজনক উল্লেখ করে টাইগার অধিনায়ক আরও বলেন, ‘অবশ্যই হতাশাজনক, পুরো ম্যাচটা যদি বিশ্লেষণ করি আমরা খুব একটা ভালো ক্রিকেট খেলিনি। যার কারণে ম্যাচটা হারা। অতিরিক্ত আপসেট বলব না, তবে আমরা ভালো করিনি।

মিরাজ-তাইজুলের প্রশংসা করলেও ব্যাটিং ব্যর্থতা মেনে নিয়েছেন শান্ত। তার কথা, ‘আমার আউট পুরো ব্যাটিংটা নষ্ট করে ফেলেছিল। ওই মোমেন্টামটা ওরা পাওয়াতেই খেলাটা আমার কাছে মনে হয়েছে যে হেরে গেছি। মিরাজ এবং তাইজুল ভাই ভালো চেষ্টা করেছে। অসম্ভব ভালো বোলিং করেছে অবশ্যই ক্রেডিট দিতে হবে। তবে আমার কাছে মনে হয় যে বোর্ডে যথেষ্ট রান ছিল না।

বাংলাদেশ-ক্রিকেট টেস্ট-ক্রিকেট নাজমুল-হোসেন-শান্ত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 16:24

URL: <https://timestodaybd.com/sports/4488551344>